ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-৮৮

জিরানীয়া, ০৭ এপ্রিল, ২০২৫

**জিরানীয়া মহকুমায় মাছ চাষে সহায়তা**

মৎস্য দপ্তরের উদ্যোগে জিরানীয়া মহকুমায় ২০২৪-২৫ অর্থবছরে ১০ জন মৎস্যচাষীকে পাবদা মাছ চাষে সহায়তা করা হয়েছে। এর মধ্যে পুরাতন আগরতলা ব্লকের ১ জন, জিরানীয়া ব্লকের ২ জন, বেলবাড়ি ব্লকের ২ জন, মান্দাই ব্লকের ২ জন, জিরানীয়া নগর পঞ্চায়েত এলাকার ১ জন এবং রাণীরবাজার পুর পরিষদ এলাকার ২ জন মৎস্যচাষী উপকৃত হয়েছেন। এই কর্মসূচিতে প্রতিটি মৎস্যচাষীকে ৮০০ সিসি পাবদার পোনা দেওয়া হয়েছে। এর জন্য সুবিধাভোগী পিছু ব্যয় হয়েছে ১১,৮০০ টাকা। মোট ব্যয় হয়েছে ১ লক্ষ ১৮ হাজার টাকা। জিরানীয়া মৎস্য তত্ত্বাবধায়কের কার্যালয় থেকে এই সংবাদ জানানো হয়েছে।

*****